Paper Final: Botany

Set-A

01. নিচের কোনটি কোষের প্রাথমিক প্রাচীরের উপাদান নয়?
(a) পেকটিন (b) সেলুলোজ
(c) হেমিসেলুলোজ (d) গ্লাইকোপ্রোটিন

Ans: (a) পেকটিন
Solve: জেনে রাখো: সাইটোপ্লাজম থেকে আসা ফ্র্যাগমোপ্লাস্ট এবং গলগি বডি থেকে আসা পেকটিন জাতীয় ভেসিকলস মিলিতভাবে মধ্যপর্দা সৃষ্টি করে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

02. নিচের কোনটি জিন রিকম্বিনেশনের একক?
(a) মিউটন (b) সিস্ট্রন (c) রেকন (d) রেপ্লিকন

Ans: (c) রেকন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

03. নিচের কোন এনজাইম DNA প্রুফ রিডিং করে?
(a) টপোআইসোমারেজ (b) DNA হেলিকেজ
(c) DNA পলিমারেজ (d) লাইগেজ

Ans: (c) DNA পলিমারেজ
Solve: জেনে রাখো: টপোআইসোমারেজ → DNA অণুকে অতিমাত্রায় প্যাঁচানো অবস্থা থেকে মুক্ত করে থাকে।
DNA হেলিকেজ → রেপ্লিকেশন ফর্কে DNA ডাবল হেলিক্স প্যাঁচগুলো খুলে দেয়।
লাইগেজ → ওকাজাকি খণ্ডকে পরিপূরক স্ট্র্যান্ডে যুক্ত করে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

04. নিচের কোনটি শুধু উদ্ভিদ কোষে অনুপস্থিত?
(a) কোষ গহ্বর (b) ক্লোরোপ্লাস্ট
(c) রাইবোসোম (d) সেন্ট্রোসোম

Ans: (d) সেন্ট্রোসোম
Solve: সেন্ট্রোসোম শুধু প্রাণীকোষে থাকে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

05. রাইবোসোম, গ্লাইঅক্সিসোমের ধারক হিসেবে কাজ করে কোন অঙ্গাণু?
(a) লাইসোসোম (b) ক্লোরোপ্লাস্ট
(c) এন্ডোপ্লাজমিক রেটিকুলাম (d) পার অক্সিসোম

Ans: (c) এন্ডোপ্লাজমিক রেটিকুলাম
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

06. নিচের কোনটি নিঃসৃত পদার্থ নয়?
(a) পিগমেন্ট (b) ক্যারোটিনয়েড
(c) নেকটার (d) অ্যালকালয়েড

Ans: (d) অ্যালকালয়েড
Solve: নিঃসৃত পদার্থ: পিগমেন্ট, এনজাইম, হরমোন, নেকটার। ক্লোরোফিল, এনথোসায়ানিন, ক্যারোটিনয়েড ইত্যাদি উল্লেখযোগ্য পিগমেন্ট।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

07. শুক্রাণুর ক্রোমোসোমে কোন প্রোটিন থাকে?
(a) হিস্টোন (b) প্রোলামিন (c) প্রোটামিন (d) অ্যালবুমিন

Ans: (c) প্রোটামিন
Solve: জেনে রাখো: বেশিরভাগ ক্রোমোসোমে হিস্টোন প্রোটিন থাকে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

08. ক্রোমোসোমের কোন অংশকে 'NOR' বলা হয়?
(a) ক্রোমোমিয়ার (b) সেন্ট্রোমিয়ার
(c) স্যাটেলাইট (d) গৌণকুঞ্চন

Ans: (d) গৌণকুঞ্চন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

09. মসৃণ এন্ডোপ্লাজমিক রেটিকুলাম কোনটি সংশ্লেষ করে না?
(a) ফ্যাট (b) হরমোন (c) গ্লাইকোজেন (d) প্রোটিন

Ans: (d) প্রোটিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

10. কোনটি মাইটোকন্ড্রিয়াল ডিসঅর্ডারের সাথে সম্পর্কযুক্ত নয়?
(a) পার্কিনসন (b) অ্যালজেইমার
(c) টাইপ-১ ডায়াবেটিস (d) টাইপ-২ ডায়াবেটিস

Ans: (d) টাইপ-২ ডায়াবেটিস
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

11. নিচের কোনটি Non-membranous অঙ্গাণু?
(a) Mitochondria (b) Ribosome
(c) Endoplasmic reticulum (d) Lysosome

Ans: (b) Ribosome
Solve: [গাজী আজমল স্যার: সংস্করণ-২০২২]

12. নিচের কোনটি কোষঝিল্লির গাঠনিক উপাদান নয়?
(a) লিপিড (b) প্রোটিন
(c) কোলেস্টেরল (d) স্টার্চ

Ans: (d) স্টার্চ
Solve: জেনে রাখো: কোষঝিল্লির গাঠনিক উপাদান-
১. ফসফোলিপিড বাইলেয়ার; ২. মেমব্রেন প্রোটিন; ৩. গ্লাইকোক্যালিক্স ও ৪. কোলেস্টেরল।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

13. ক্রেবস্ চক্র কোথায় সংঘটিত হয়?
(a) প্লাস্টিড (b) ক্রোমোসোম
(c) মাইটোকন্ড্রিয়া (d) রাইবোসোম

Ans: (c) মাইটোকন্ড্রিয়া
Solve: জেনে রাখো: ক্রেবস্ চক্র, ফ্যাটি অ্যাসিড চক্র, ইলেকট্রন ট্রান্সপোর্ট চক্র মাইটোকন্ড্রিয়াতে সংঘটিত হয়।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

14. 'Language of life' বলা হয় কোনটিকে?
(a) জিন (b) জিনোম (c) প্রোটিন (d) DNA

Ans: (c) প্রোটিন
Solve: জেনে রাখো: প্রোটিনকে জীবনের ভাষা, DNA কে মাস্টার মলিকিউল, জিনকে জীবনের ব্লুপ্রিন্ট বলা হয়।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

Academic & Admission Pathshala We Rise By Lifting Others

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

15. এন্ডোপ্লাজমিক রেটিকুলামের ভৌত গঠনের অন্তর্ভুক্ত নয় কোনটি?
(a) সিস্টার্নি (b) ভ্যাকুওল
(c) ভেসিকল (d) টিউবিউল

Ans: (b) ভ্যাকুওল
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

16. ক্রোমোসোমের সংখ্যা, আকার ও আকৃতি নির্ণয় করা যায় কোন ধাপে?
(a) মেটাফেজ (b) অ্যানাফেজ (c) টেলোফেজ (d) প্রোফেজ

Ans: (a) মেটাফেজ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

17. কোষের জেনেটিক্যালি নিয়ন্ত্রিত মৃত্যুকে কি বলে?
(a) Necrosis (b) Apoptosis
(c) Mitosis (d) Meiosis

Ans: (b) Apoptosis
Solve: জেনে রাখো: পুষ্টির অভাব হলে অথবা বিষাক্ত দ্রব্যের কারণে ক্ষতিগ্রস্ত হলে কোষ মারা যাওয়াকে Necrosis বলে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

18. মাইটোসিসের কোন ধাপে ক্রোমোসোমগুলোতে জলযোজন ঘটে?
(a) মেটাফেজ (b) টেলোফেজ
(c) প্রোফেজ (d) অ্যানাফেজ

Ans: (b) টেলোফেজ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

19. কোন প্রক্রিয়া হতে জটিল ও উন্নত কোষ বিভাজন পদ্ধতির উৎপত্তি হয়েছে?
(a) মাইটোসিস (b) মিয়োসিস
(c) অ্যামাইটোসিস (d) সাইটোকাইনেসিস

Ans: (c) অ্যামাইটোসিস
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

20. ট্রিপসিন এনজাইমের অপটিমাম pH কত?
(a) 2.0 (b) 5.0 (c) 7.0 (d) 8.0

Ans: (d) 8.0
Solve: জেনে রাখো: পেপসিন – 2.0; সেলুবায়েজ – 5.0; ইউরিয়েজ – 7.0।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

21. নিচের কোনটি অত্যাবশ্যকীয় অ্যামিনো এসিড নয়?
(a) মেথিওনিন (b) ভ্যালিন (c) লাইসিন (d) গ্লাইসিন

Ans: (d) গ্লাইসিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

22. গ্লাইকোজেনের মূল গাঠনিক একক কোনটি?
(a) α-D গ্লুকোজ (b) β-D গ্লুকোজ
(c) হাইড্রোজেন (d) পেপটাইড

Ans: (a) α-D গ্লুকোজ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

23. নিম্নের কোনটি মাইটোসিসের গুরুত্ব নয়?
(a) বংশবৃদ্ধি (b) পুনরুৎপাদন
(c) জননাঙ্গ সৃষ্টি (d) অভিব্যক্তি

Ans: (d) অভিব্যক্তি
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

24. কোষ বিভাজনের কোন ধাপে পোলারাইজড বিন্যাস দেখা যায়?
(a) লেপ্টোটিন (b) জাইগোটিন
(c) প্যাকাইটিন (d) ডিপ্লোটিন

Ans: (a) লেপ্টোটিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

25. আয়োডিন দ্রবণে স্টার্চ কোন বর্ণ প্রদান করে?
(a) হালকা বেগুনী (b) গাঢ় নীল
(c) লাল (d) বর্ণহীন

Ans: (b) গাঢ় নীল
Solve: জেনে রাখো: আয়োডিন দ্রবণে স্টার্চ গাঢ় নীল বর্ণ প্রদান করে, সেলুলোজ কোনো বর্ণ প্রদান করে না।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

26. হাড়ের টেনডন কোন জাতীয় প্রোটিন?
(a) লিপোপ্রোটিন (b) গ্লাইকোপ্রোটিন
(c) নিউক্লিয়োপ্রোটিন (d) স্ক্লেরোপ্রোটিন

Ans: (d) স্ক্লেরোপ্রোটিন
Solve: জেনে রাখো: শিং, নখ, খুর ও চুলে কেরাটিন; চামড়ায় কোলাজেন ও হাড়ের টেনডন স্ক্লেরোপ্রোটিন জাতীয় প্রোটিন।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

27. পানিতে দ্রবণীয় ভিটামিন কোনটি?
(a) Vit-A (b) Vit-B (c) Vit-D (d) Vit-E

Ans: (b) Vit-B
Solve: জেনে রাখো: পনিতে অদ্রবণীয় ভিটামিন হলো: A, D, E ও K।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

28. সাধারণ সর্দির জন্য কোন ভাইরাসটি দায়ী?
(a) Influenza (b) Rhino
(c) Novel Corona (d) Nipah virus

Ans: (b) Rhino
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

29. নিচের কোন ব্যাকটেরিয়া নাইট্রোজেন সংবন্ধনে ভূমিকা রাখে?
(a) *Salmonella* (b) *Pseudomonas*
(c) *Lactobacillus* (d) *Nitromonas*

Ans: (b) *Pseudomonas*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

30. ম্যালেরিয়া পরজীবী জীবনচক্রে মানবদেহে এরিথ্রোসাইটিক সাইজোগনিতে কোন ধাপটি দেখা যায় না?
(a) সিগনেট রিং (b) ট্রোফোজয়েট
(c) স্পোরোজয়েট (d) মেরোজয়েট

Ans: (c) স্পোরোজয়েট
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

31. নিচের কোন তথ্যটি ডেঙ্গু জ্বর সম্পর্কে সত্য নয়?
(a) জ্বর 103 – 105°F (b) RBC কমে যায়
(c) মেরুদণ্ডে ব্যথা (d) রক্তক্ষরণ হয়

Ans: (b) RBC কমে যায়
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

32. নিম্নের কোন ব্যাকটেরিয়াতে কোষ প্রাচীর থাকে না?
(a) *Mycoplasma* (b) *Vibrio Cholerae*
(c) *Streptococcus* (d) *Pseudomonas*

Ans: (a) *Mycoplasma*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

33. নিচের কোন ভাইরাসের RNA দ্বিসূত্রক?
(a) কলিফায (b) রিওভাইরাস
(c) র‍্যাবিস (d) মাম্পস

Ans: (b) রিওভাইরাস
Solve: জেনে রাখো: Reoviridae গোত্রের (রিওভাইরাস, ধানের বামন রোগের ভাইরাস) ভাইরাসের RNA দ্বিসূত্রক।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

34. নারকেল গাছে ক্যাডাং রোগ তৈরি করে কোনটি?
(a) ভিরিয়ন (b) প্রিয়নস
(c) ভিরয়েড (d) নিউক্লিওক্যাপসিড

Ans: (c) ভিরয়েড
Solve: জেনে রাখো: মানুষের কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের Kuru এবং Creutzfeldt রোগ, ভেড়া ও ছাগলের Scrapie রোগ প্রিয়নস দিয়ে হয়ে থাকে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

35. দণ্ডাকৃতির ব্যাকটেরিয়াকে কি বলে?
(a) কক্কাস (b) ভিব্রিও
(c) স্টিলেট (d) ব্যাসিলাস

Ans: (d) ব্যাসিলাস
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

36. কোনটির সুপ্তাবস্থাকাল সবচেয়ে কম?
(a) *P. Vivax* (b) *P. Ovale*
(c) *P. falciparum* (d) *P. malariae*

Ans: (c) *P. falciparum*
Solve: জেনে রাখো: *P.vivax* → 12-20 দিন; *P.ovale* → 11-16 দিন; *P.falciparum* → 8-15 দিন; *P.Malariae* → 18-40 দিন।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

37. পরিবেশ থেকে অন্য ব্যাকটেরিয়ার DNA গ্রহীতা কোষে প্রবেশ করে রিকম্বিনেশন ঘটাতে পারে তাকে কী বলে?
(a) Transformation (b) Transduction
(c) Conjugation (d) Budding

Ans: (a) Transformation
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

38. 'Bushystant virus' কোন উদ্ভিদে আক্রমণ করে?
(a) সিম (b) টমেটো
(c) ধান (d) কলা

Ans: (b) টমেটো
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

39. রক্তকণিকায় সাফনার্স দানা দেখে ম্যালেরিয়া শনাক্ত করা হয় কোন দশায়?
(a) সিগনেট রিং (b) অ্যামিবয়েড ট্রোফোজয়েট
(c) রোজেট (d) মেরোজয়েট

Ans: (b) অ্যামিবয়েড ট্রোফোজয়েট
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

40. ভাইরাসের জীবীয় বৈশিষ্ট্য নয় কোনটি?
(a) অভিযোজন ক্ষমতা রয়েছে (b) পরিব্যক্তি ঘটে
(c) সেন্ট্রিফিউজ করা যায় (d) বাধ্যতামূলক পরজীবী

Ans: (c) সেন্ট্রিফিউজ করা যায়
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

41. বহু নিউক্লিয়াসবিশিষ্ট পরজীবী নিচের কোনটি?
(a) সিগনেট রিং (b) সাইজন্ট
(c) রোজেট (d) সাফনার্স দানা

Ans: (b) সাইজন্ট
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

42. নিচের কোনটি সংক্রামক প্রোটিন ফাইব্রিল?
(a) ভিরিয়ন (b) নিউক্লিয়োক্যাপসিড
(c) প্রিয়নস (d) ভিরয়েড

Ans: (c) প্রিয়নস
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

43. কোনটির আক্রমণে দেহের কোষ ফেটে যায়?
(a) ইবোলা (b) জিকা
(c) বার্ড ফ্লু (d) চিকুনগুনিয়া

Ans: (a) ইবোলা
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

44. নিচের কোনটি উদ্ভিদ ভাইরাসের উদাহরণ?
(a) HIV (b) Corona (c) Ebola (d) BYV

Ans: (d) BYV
Solve: জেনে রাখো: উদ্ভিদ ভাইরাস → TMV, Bean Yellow Virus (BYV)।
প্রাণী ভাইরাস → HIV, ভ্যাক্সিনিয়া, নভেল করোনা ভাইরাস।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

45. নিচের কোনটি বাদামী শৈবাল?
(a) Pyrrophyta (b) Chrysophyta
(c) Phaeophyta (d) Rhodophyta

Ans: (c) Phaeophyta
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

46. সম্পূর্ণ ভাসমান শৈবালকে কী বলে?
(a) ফাইটোপ্লাংকটন (b) বেনথিক শৈবাল
(c) লিথোফাইট (d) এন্ডোফাইট

Ans: (a) ফাইটোপ্লাংকটন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

47. নিচের কোনটি লেপ্রোজ লাইকেনের উদাহরণ?
(a) *Parmelia* (b) *Lapraria incana*
(c) *Usnea* (d) *Racodium*

Ans: (b) *Lapraria incana*
Solve: জেনে রাখো: ফ্রুটিকোজ লাইকেন: *Usnea*, *Cladonia leporina*, *Letharia columbiana* ।
সূত্রাকার লাইকেন: *Ephebe*, *Racodium* ।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

48. *Trichophyton verrucosum* নামক ছত্রাকঘটিত রোগের সুপ্তাবস্থা কত দিন?
(a) ৩-৪ দিন (b) ১১-১৬ দিন
(c) ৩-৫ দিন (d) ১২-১৪ দিন

Ans: (c) ৩-৫ দিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

49. কোন শৈবালটি ন্যানোফিল্টার উৎপাদনে ব্যবহার করা হয়?
(a) *Chlorella* (b) *Pithophora*
(c) *Nostoc* (d) *Anabena*

Ans: (b) *Pithophora*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

50. *Pteris*- এর প্রতিটি পত্রকখণ্ডকে কী বলে?
(a) ফ্রন্ড (b) ক্রোজিয়ার
(c) পিনা (d) র‍্যামেন্টাম

Ans: (c) পিনা
Solve: জেনে রাখো: ক্রোজিয়ার - কুণ্ডলিত কচি পাতা; র‍্যামেন্টাস- শল্কপত্র।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

51. নিচের কোনটি *Pteris*-এর ক্যাপসিউলের এর অংশ?
(a) Stomium (b) Sori
(c) Crozier (d) Rhizome

Ans: (a) Stomium
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

52. পরিবেশ দূষণের সূচক হিসেবে কাজ করে কোনটি?
(a) *Pteris* (b) *Riccia* (c) *Cladonia* (d) *Agaricus*

Ans: (b) *Riccia*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

53. *Pteris*-এর কতটি প্রজাতি বাংলাদেশে পাওয়া যায়?
(a) ১৬ টি (b) ২৫০ টি (c) ৪৫ টি (d) ৪৫০ টি

Ans: (a) ১৬ টি
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

54. কোনটি আবৃতবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য নয়?
(a) শুক্রাণু ফ্ল্যাজেলাবিহীন (b) সুস্পষ্ট জনুঃক্রম বিদ্যমান
(c) আর্কিগোনিয়া সৃষ্টি হয় (d) দ্বিনিষেক ঘটে

Ans: (c) আর্কিগোনিয়া সৃষ্টি হয়
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

55. দলমণ্ডলের প্রতিটি সদস্যকে কী বলে?
(a) বৃতি (b) পাপড়ি (c) উপবৃতি (d) বৃত্যংশ

Ans: (b) পাপড়ি
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

56. নিচের কোনটি Malvaceae গোত্রের শনাক্তকারী বৈশিষ্ট্য?
(a) পরাগধানী সর্বমুখ (b) ফল ক্যারিঅপসিস
(c) দলমণ্ডল টুইস্টেড (d) অমরাবিন্যাস মূলীয়

Ans: (c) দলমণ্ডল টুইস্টেড
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

57. কোন উদ্ভিদের পাতায় ট্রান্সফিউশন টিস্যু বিদ্যমান?
(a) *Cycas* (b) *Pteris* (c) *Riccia* (d) *Ulothrix*

Ans: (a) *Cycas*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

58. নিচের কোনটিতে লৌহ থাকায় নিয়মিত খেলে শারীরিক দুর্বলতা সারে?
(a) *Hibiscus rosa-sinensis*
(b) *Gossypium herbaceum*
(c) *Abelmoschus esculentus*
(d) *Hibiscus mutabilis*

Ans: (c) *Abelmoschus esculentus*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

59. সরল পাতা দেখা যায় কোন উদ্ভিদে?
(a) কামিনী (b) বাঁদর লাঠি (c) গোলাপ (d) কাঁঠাল

Ans: (d) কাঁঠাল
Solve: কামিনী, গোলাপ উদ্ভিদ হল যৌগিত্র পত্র। বাদর লাঠি হল অচূড়পক্ষল যৌগিক পত্র।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

60. রজনীগন্ধার পুষ্পবিন্যাস কেমন?
(a) স্পাইক (b) রেসিম (c) স্পাইকলেট (d) শিরমঞ্জরী

Ans: (a) স্পাইক
Solve: জেনে রাখো: রেসিম-সরিষা; স্পাইক-রজনীগন্ধা; স্পাইকলেট-ধান, গম, ঘাস; শিরমঞ্জরী- গাঁদা, সূর্যমুখী।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

61. জবার বৃতির এস্টিভেশন কেমন?
(a) ভালভেট (b) পাকানো (c) মুক্ত (d) ইমব্রিকেট

Ans: (a) ভালভেট
Solve: জেনে রাখো: জবার বৃতির এস্টিভেশন ভালভেট, জবার দলমণ্ডলের এস্টিভেশন টুইস্টেড বা পাকানো।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

62. সরোসিস ফল কোনটি?
(a) আম (b) আতা (c) আনারস (d) নয়ন তারা

Ans: (c) আনারস
Solve: জেনে রাখো: আম-প্রকৃত ফল; আতা, নয়নতারা-গুচ্ছিত ফল।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

63. বহুপ্রতিসম পুষ্প কোনটি?
(a) সরিষা (b) অপরাজিতা (c) কলাবতী (d) শিম

Ans: (a) সরিষা
Solve: জেনে রাখো: বহুপ্রতিসম ফুল- সরিষা, জবা।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

64. Leaf scar কোনটিতে দেখা যায়?
(a) *Riccia* (b) *Pteris*
(c) Angiosperms (d) Gymnosperms

Ans: (d) Gymnosperms
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

65. দংশকরোম পাওয়া যায় নিচের কোন উদ্ভিদে?
(a) টমেটো (b) আখ (c) আলকুশি (d) গম

Ans: (c) আলকুশি
Solve: জেনে রাখো: বিছুটি, আলকুশি ইত্যাদি উদ্ভিদে দংশকরোম পাওয়া যায়।
[গাজী আজমল স্যার: সংস্করণ-২০২২]

66. ঘাস জাতীয় উদ্ভিদের পুষ্পমঞ্জরী কোন ধরনের?
(a) রেসিম (b) স্পাইক (c) স্পাইকলেট (d) সাইমোস

Ans: (c) স্পাইকলেট
Solve: জেনে রাখো: ধান, গম, যে কোনো ঘাস ইত্যাদি উদ্ভিদের পুষ্পমঞ্জরী স্পাইকলেট।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

67. নিচের কোনটি রূপান্তরিত প্রধান মূল নয়?
(a) মূলা (b) গাজর (c) বীট (d) থানকুনি

Ans: (d) থানকুনি
Solve: জেনে রাখো: থানকুনি রানার কাণ্ডের উদাহরণ।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

68. দ্বি-নিষেক দেখা যায় নিচের কোন উদ্ভিদে?
(a) *C. Pectinata* (b) *Gnetum*
(c) *S. giganta* (d) *Ephedra*

Ans: (d) *Ephedra*
Solve: জেনে রাখো: নগ্নবীজী উদ্ভিদে দ্বি-নিষেক ঘটে না (ব্যতিক্রম *Ephedra*)।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

69. নিচের কোনটি পত্ররন্ধ্রের প্রকারভেদ নয়?
(a) Diacytic (b) Tricytic
(c) Paracytic (d) Anisocytic

Ans: (b) Tricytic
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

70. হাইডাথোড পাওয়া যায় কোন উদ্ভিদে?
(a) টমেটো (b) আম (c) কলা (d) পেয়ারা

Ans: (a) টমেটো
Solve: জেনে রাখো: ঘাস, কচু, টমেটো গাছে হাইডাথোড পাওয়া যায়।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

71. একবীজপত্রী কাণ্ডের ভাস্কুলার বান্ডল দেখতে কেমন?
(a) বিক্ষিপ্ত (b) বৃত্তাকার
(c) ষড়ভুজাকার (d) ত্রিভুজাকার

Ans: (a) বিক্ষিপ্ত
Solve: জেনে রাখো: সকল মূলে এবং দ্বিবীজপত্রী কাণ্ডে ভাস্কুলার বান্ডল গুলো বৃত্তাকারে সাজানো এবং একবীজপত্রী কাণ্ডের ভাস্কুলার বান্ডল বিক্ষিপ্ত ভাবে অবস্থান করে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

72. নিচের কোনটি স্থায়ী টিস্যুর বৈশিষ্ট্য?
(a) নিউক্লিয়াস বড় (b) বিভাজনে সক্ষম
(c) কোষ গহ্বর থাকে (d) মৃত কোষ প্রোটোপ্লাজমযুক্ত

Ans: (c) কোষ গহ্বর থাকে
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

73. পেরিব্লেম ভাজক টিস্যু হতে নিচের কোনটির উৎপত্তি?
(a) পরিবহন টিস্যুতন্ত্র (b) ভাস্কুলার টিস্যুতন্ত্র
(c) প্যারেনকাইমা টিস্যুতন্ত্র (d) গ্রাউন্ড টিস্যুতন্ত্র

Ans: (d) গ্রাউন্ড টিস্যুতন্ত্র
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

74. পুষ্পক উদ্ভিদের মূলের ভাস্কুলার বান্ডল কেমন?
(a) কেন্দ্রিক (b) অরীয়
(c) সমপার্শ্বীয় (d) সমদ্বিপার্শ্বীয়

Ans: (b) অরীয়
Solve: জেনে রাখো: পুষ্পক উদ্ভিদের কাণ্ডের ভাস্কুলার বান্ডল সমপার্শ্বীয় ও পুষ্পক উদ্ভিদের মূলের ভাস্কুলার বান্ডল অরীয়।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

75. নিচের কোনটি C_4 উদ্ভিদের জন্য উপকারী মৌল?
(a) সোডিয়াম (b) সিলিকন (c) কোবাল্ট (d) আয়োডিন

Ans: (a) সোডিয়াম
Solve: জেনে রাখো: সিলিকন - ঘাসের জন্য।
কোবাল্ট - নাইট্রোজেন ফিকসিং লিগিউমের জন্য।
আয়োডিন - সামুদ্রিক শৈবালের জন্য।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

76. ফটোরেসপিরেশন এর কারণে C_3 উদ্ভিদের ফটোসিনথেসিস হার কত% পর্যন্ত কমতে পারে?
(a) 50% (b) 25% (c) 75% (d) 15%

Ans: (b) 25%
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

77. নিচের কোনটি আয়রন-সালফার (Fe-S) প্রোটিন?
(a) ফিয়োফাইটিন (b) প্লাস্টোকুইনন
(c) প্লাস্টোসায়ানিন (d) ফেরিডক্সিন

Ans: (d) ফেরিডক্সিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

78. ফটোরেসপিরেশনে কোন অঙ্গাণু অংশগ্রহণ করে না?
(a) ক্লোরোপ্লাস্ট (b) মাইটোকন্ড্রিয়া
(c) পারঅক্সিসোম (d) গ্লাইঅক্সিসোম

Ans: (d) গ্লাইঅক্সিসোম
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

Academic & Admission pathshala We Rise By Lifting Others

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

79. দই উৎপাদনের জন্য Optimum temperature কত?
(a) 10 – 25°C (b) 30 – 45°C
(c) 22 – 35°C (d) 37 – 38°C

Ans: (d) 37 – 38°C
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

80. ক্রেবস চক্রে প্রতিটি গ্লুকোজ অণু হতে কত অণু ATP তৈরি হয়?
(a) ২৪ টি (b) ২৮ টি (c) ১৮ টি (d) ২ টি

Ans: (d) ২ টি
Solve: জেনে রাখোঃ ক্রেবস চক্রে প্রতি গ্লুকোজ অণু হতে ৪ অণু CO_2, ৬ অণু $NADH + H^+$, ২ অণু $FADH_2$ এবং ২ অণু ATP তৈরি হয়।
[আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

81. নিচের কোনটি খনিজ লবণের সক্রিয় পরিশোষণ প্রক্রিয়া?
(a) Diffusion theory
(b) Ion exchange theory
(c) Donnan equilibrium theory
(d) Cytochrome pump theory

Ans: (d) Cytochrome pump theory
Solve: খনিজ লবণের সক্রিয় পরিশোষণের প্রক্রিয়াঃ
১. লুনডেগড় মতবাদ বা সাইটোক্রোম পাম্প মতবাদ
২. প্রোটন অ্যানায়ন কো-ট্রান্সপোর্ট মতবাদ
৩. লেসিথিন বাহক ধারণা
[আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

82. কলয়েড জাতীয় শুষ্ক পদার্থ কর্তৃক তরল পদার্থ শোষণের বিশেষ প্রক্রিয়াকে কি বলে?
(a) অভিস্রবণ (b) ব্যাপন
(c) প্রস্বেদন (d) ইমবাইবিশন

Ans: (d) ইমবাইবিশন
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

83. নিচের কোনটি প্রস্বেদনের উপকারিতা নয়?
(a) দৈহিক বৃদ্ধি (b) লবণ পরিশোষণ
(c) পানি শোষণ (d) উইলটিং

Ans: (d) উইলটিং
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

84. পাইরুভিক এসিডের অসম্পূর্ণ জারণের ফলে কী উৎপন্ন হয়?
(a) সাইট্রিক এসিড (b) ল্যাকটিক এসিড
(c) ম্যালিক এসিড (d) সাকসিনিক এসিড

Ans: (b) ল্যাকটিক এসিড
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

85. ফটোসিস্টেমের অংশ নয় কোনটি?
(a) আলোক শোষণ অংশ (b) বিক্রিয়া কেন্দ্র
(c) আলোক বিকিরণ অংশ (d) ইলেকট্রন গ্রহীতা

Ans: (c) আলোক বিকিরণ অংশ
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

86. সালোকসংশ্লেষণে কোন আলো সবচেয়ে বেশি ব্যবহৃত হয়?
(a) বেগুনি (b) নীল (c) হলুদ (d) লাল

Ans: (d) লাল
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

87. তেজস্ক্রিয় কার্বন ব্যবহার করে সন্ধানী পদ্ধতিতে নিচের কোনটিতে প্রথম ক্যালভিন চক্র আবিষ্কার করা হয়?
(a) *Chlorella* (b) *Chlamydomonas*
(c) *Ephedra* (d) *Ulva*

Ans: (a) *Chlorella*
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

88. নিচের কোনটি অধোমুখী ডিম্বকের উদাহরণ?
(a) বিষকাটালী (b) শিম (c) সরিষা (d) ক্ষুদিপানা

Ans: (b) শিম
Solve: জেনে রাখোঃ উর্ধ্বমুখী → বিষকাটালী; বক্রমুখী → সরিষা; পার্শ্বমুখী → ক্ষুদিপানা।
[আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

89. Nucellus-এর বাইরের আবরণীকে কী বলা হয়?
(a) ডিম্বকত্বক (b) ডিম্বকরন্ধ্র (c) ডিম্বকমূল (d) ডিম্বকনাভী

Ans: (a) ডিম্বকত্বক
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

90. Mesogamy নিষেক প্রক্রিয়া কোন উদ্ভিদে দেখা যায়?
(a) আম (b) লাউ (c) ঝাউ (d) জাম

Ans: (b) লাউ
Solve: জেনে রাখোঃ Porogamy → আম, জাম; Chalazogamy → ঝাউ; Mesogamy → লাউ, কুমড়া।
[আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

91. অটোক্লেভ যন্ত্রে কত চাপ রাখা হয়?
(a) 20 পাউন্ড (b) 15 পাউন্ড (c) 25 পাউন্ড (d) 30 পাউন্ড

Ans: (b) 15 পাউন্ড
Solve: জেনে রাখোঃ অটোক্লেভ 121°C তাপমাত্রা রাখা হয়।
[আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

92. টিস্যু কালচারের মাধ্যমে কোন উদ্ভিদের অল্প সময়ে অধিক চারা উৎপাদন করা সম্ভব হয়েছে?
(a) ডালিয়া (b) জবা (c) চন্দ্রমল্লিকা (d) গোলাপ

Ans: (c) চন্দ্রমল্লিকা
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

93. কোনটির মাধ্যমে Recombinant DNA এর মূল্যায়ন করা হয় না?
(a) PCR (b) Restriction digestion
(c) Genetic probe (d) Gene cloning

Ans: (d) Gene cloning
Solve: [আবুল হাসান স্যারঃ সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

94. PCR কে আবিষ্কার করেন?

(a) Kary Mullis (b) Haberlandt
(c) Morgan (d) Lindennman

Ans: (a) Kary Mullis
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

95. প্লাসমিডকে প্রকৃতকোষে প্রবেশ করানোকে কী বলে?

(a) ট্রান্সক্রিপশন (b) ট্রান্সলেশন
(c) ট্রান্সফরমেশন (d) ট্রান্সফেকশন

Ans: (d) ট্রান্সফেকশন
Solve: জেনে রাখো: ব্যাকটেরিয়াতে বাইরের DNA প্রবেশ করাকে ট্রান্সফরমেশন এবং প্লাসমিডকে প্রকৃতকোষে প্রবেশ করানোকে বলা হয় ট্রান্সফেকশন।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

96. রিকম্বিনেন্ট DNA প্রযুক্তি প্রয়োগ করে লবণাক্ত সহিষ্ণু জাত উদ্ভাবিত হয়েছে নিচের কোনটির?

(a) Peanut (b) Wheat
(c) Bt. cotton (d) Soyabean

Ans: (a) Peanut
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

97. অ্যান্টিবায়োটিক ক্ষমতাসম্পন্ন জিন ধারনকারী প্লাসমিড কোনটি?

(a) F প্লাসমিড (b) F' প্লাসমিড
(c) R প্লাসমিড (d) কোল প্লাসমিড

Ans: (c) R প্লাসমিড
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

98. 'প্লাটিপাস' কোন প্রাণিভৌগোলিক অঞ্চলে পাওয়া যায়?

(a) Australian (b) Oriental
(c) Neotropical (d) Ethiopian

Ans: (a) Australian
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

99. সুন্দরবনের বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ কত?

(a) 200 সে.মি (b) 300 সে.মি
(c) 100 সে.মি (d) 250 সে.মি

Ans: (a) 200 সে.মি
Solve: জেনে রাখো: সুন্দরবনের অর্থাৎ ম্যানগ্রোভের ১০,০০০ বর্গ কিলোমিটার এলাকায় প্রায় ৬২% বাংলাদেশে অবস্থিত।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

100. নিচের কোনটি মূলাবদ্ধ নিমজ্জিত জলজ উদ্ভিদ নয়?

(a) হাইড্রিলা (b) পাতা শেওলা
(c) পাতা ঝাঁঝি (d) কচুরিপানা

Ans: (d) কচুরিপানা
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

Set-B

01. নিচের কোনটিকে Iceberg model বলা হয়?

(a) Sandwitch model (b) Unit Membrane model
(c) Fluid Mosaic model (d) Benson's model

Ans: (c) Fluid Mosaic model
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

02. ক্রোমোসোমের কোন অঞ্চলকে নিউক্লিওলাস সংগঠক বলা হয়?

(a) সেন্ট্রোমিয়ার (b) SAT অঞ্চল
(c) গৌণ কুঞ্চন (d) টেলোমিয়ার

Ans: (c) গৌণ কুঞ্চন
Solve: [আজিবুর রহমান স্যার: সংস্করণ-২০২২]

03. কোষঝিল্লির মোট শুষ্ক ওজনের কত ভাগ লিপিড?

(a) ৭৫ (b) ৮০ (c) ৯০ (d) ৬০

Ans: (a) ৭৫
Solve: জেনে রাখো: লিপিড প্রধানত ফসফোলিপিড (phospholipids) হিসেবে থাকে। ইতোমধ্যেই পাঁচ রকম ফসফোলিপিড শনাক্ত করা হয়েছে-যার সবচেয়ে সরলটি হলো ফসফোটাইডিক অ্যাসিড এবং অন্য চারটি জটিল প্রকৃতির (complex)। জটিল ফসফোলিপিডের মধ্যে লেসিথিন (lecithin) প্রধান।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

04. "Suicidal squad" বলা হয় কোনটিকে?

(a) লাইসোসোম (b) ক্রোমোসোম
(c) ক্লোরোপ্লাস্ট (d) পারঅক্সিসোম

Ans: (a) লাইসোসোম
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

05. গাজরের মূলে কোন প্লাস্টিড থাকে?

(a) লিউকোপ্লাস্ট (b) ক্রোমোপ্লাস্ট
(c) ক্লোরোপ্লাস্ট (d) প্রোটোপ্লাস্ট

Ans: (b) ক্রোমোপ্লাস্ট
Solve: জেনে রাখো: ক্রোমোপ্লাস্ট: ফুলের পাপড়ি, রঙিন ফল ও বীজ, গাজরের মূল।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

06. কোষের অভ্যন্তরে pH রক্ষা করা কোনটির কাজ?

(a) সাইটোপ্লাজম (b) কোষ গহ্বর
(c) কোষঝিল্লি (d) নিউক্লিওপ্লাজম

Ans: (b) কোষ গহ্বর
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

07. ডাইসেন্ট্রিক ক্রোমোসোম পাওয়া যায় কোন উদ্ভিদে?

(a) গম (b) কলা (c) তুলা (d) সরিষা

Ans: (a) গম
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

08. জিন কার্যের একক কোনটি?
(a) রেকন (b) মিউটন (c) রেপ্লিকন (d) সিস্ট্রন
Ans: (d) সিস্ট্রন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

09. কোন কোষে সবচেয়ে বেশি মাইটোকন্ড্রিয়া পাওয়া যায়?
(a) *Amoeba* (b) যকৃত কোষ (c) বৃক্ক কোষ (d) *E.coli*
Ans: (a) *Amoeba*
Solve: জেনে রাখো: যকৃত কোষে ১০০০ বা ততোধিক মাইটোকন্ড্রিয়া থাকে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

10. পিউরিন এর সাধারণ সংকেত কোনটি?
(a) $C_4H_5N_4$ (b) $C_5H_4N_4$ (c) $C_4H_4N_5$ (d) $C_5H_5N_4$
Ans: (b) $C_5H_4N_4$
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

11. নিচের কোনটি প্রাণী কোষে থাকে না?
(a) সেন্ট্রোসোম (b) কোষ প্রাচীর
(c) মাইটোকন্ড্রিয়া (d) গলগি বডি
Ans: (b) কোষ প্রাচীর
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

12. নিউক্লিয়াসে RNA এর পরিমাণ শতকরা কতভাগ?
(a) ৮০ (b) ৯০ (c) ১০ (d) ১৫
Ans: (c) ১০
Solve: জেনে রাখো: সাইটোপ্লাজমে RNA ৯০ ভাগ থাকে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

13. টক্সিন অকার্যকর করে কোনটি?
(a) পারঅক্সিসোম (b) গ্লাইঅক্সিসোম
(c) কোষ গহ্বর (d) ভেসিকল
Ans: (a) পারঅক্সিসোম
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

14. নিচের কোন ধাপে RNA ও DNA রেপ্লিকেশনের উপাদান তৈরি হয়?
(a) G_1-Phase (b) S-Phase
(c) G_2-Phase (d) M-Phase
Ans: (a) G_1-Phase
Solve: জেনে রাখো: S-phase → DNA রেপ্লিকেশন সম্পন্ন করে।
G_2-phase- বিভাজন প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় শক্তি (ATP) তৈরি করে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

15. নিচের কোন ধাপে প্রান্তীয়করণ দেখা যায়?
(a) লেপ্টোটিন (b) জাইগোটিন
(c) প্যাকাইটিন (d) ডিপ্লোটিন
Ans: (d) ডিপ্লোটিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

16. জননাঙ্গ সৃষ্টি ও জনন কোষের সংখ্যা বৃদ্ধি কোন প্রক্রিয়ার মাধ্যমে হয়ে থাকে?
(a) মাইটোসিস (b) অ্যামাইটোসিস
(c) মায়োসিস (d) কাইনোসিস
Ans: (a) মাইটোসিস
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

17. কোন ধাপে ক্রোমাটিড সবচেয়ে খাটো, মোটা ও স্পষ্ট হয়?
(a) প্রোফেজ (b) মেটাফেজ
(c) টেলোফেজ (d) প্রো-মেটাফেজ
Ans: (b) মেটাফেজ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

18. নিম্নের কোন পর্যায়ে কোষপ্লেট তৈরি হয়?
(a) প্রোফেজ (b) অ্যানাফেজ
(c) টেলোফেজ (d) সাইটোকাইনেসিস
Ans: (d) সাইটোকাইনেসিস
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

19. কোন এনজাইমের ক্রিয়ায় দুটি নন-সিস্টার ক্রোমাটিড একইস্থান বরাবর ভেঙ্গে যায়?
(a) Nuclease (b) Endonuclease
(c) Ligase (d) Elastase
Ans: (b) Endonuclease
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

20. নিচের কোনটিতে ক্রসিং ওভার সম্পর্কে প্রথম ধারণা পাওয়া যায়?
(a) ধান (b) ভুট্টা (c) গম (d) ছোলা
Ans: (b) ভুট্টা
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

21. নিম্নের কোনটি রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?
(a) ফসফোলিপিড (b) গ্লাইকোলিপিড
(c) ডিজিটালিন (d) লিপোপ্রোটিন
Ans: (a) ফসফোলিপিড
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

22. তন্তুকোষে সেলুলোজের পরিমাণ কত?
(a) 90% (b) 94% (c) 60% (d) 40%
Ans: (a) 90%
Solve: জেনে রাখো: তুলায় সেলুলোজের পরিমাণ 94%, লিনেন 90%, তন্তুকোষে 90% এবং কাঠে 60%।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

23. বিরল অ্যামিনো অ্যাসিড কোনটি?
(a) অ্যাসপারজিন (b) হাইড্রক্সিপ্রোপিন
(c) প্রোলিন (d) আইসোলিউসিন
Ans: (b) হাইড্রক্সিপ্রোপিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

24. হৃৎপিণ্ডের চিকিৎসায় কোনটি ব্যবহৃত হয়?
(a) β-সিস্টোস্টেরল (b) আর্গোস্টেরল
(c) ডিজিটালিন (d) স্টিগমাস্টেরল
Ans: (c) ডিজিটালিন
Solve: জেনে রাখো: নিউরোস্পোরা ও ইস্ট-এ আর্গোস্টেরল পাওয়া যায়।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

25. কোনটি লাইয়েজ এনজাইম?

(a) সুকরেজ (b) অক্সিডেজ
(c) ফিউমারেজ (d) মিউটেজ

Ans: (c) ফিউমারেজ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

26. নিচের কোনটি গোলাকার ভাইরাসের উদাহরণ নয়?

(a) Polio virus (b) Dengue virus
(c) HIV (d) Mumps virus

Ans: (d) Mumps virus
Solve: জেনে রাখো: দণ্ডাকার ভাইরাস → TMV, α-α মোজাইক ভাইরাস, মাম্পস ভাইরাস।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

27. *Plasmodium malariae* প্রজাতির সুপ্তাবস্থা কত দিন?

(a) ১২-২০ দিন (b) ১৮-৪০ দিন
(c) ১১-১৬ দিন (d) ৮-১৫ দিন

Ans: (b) ১৮-৪০ দিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

28. নিচের কোন ব্যাকটেরিয়া মালার মত সাজানো থাকে?

(a) Streptococcus (b) Diplococcus
(c) Staphylococcus (d) Bacillus

Ans: (a) Streptococcus
Solve: জেনে রাখো: Diplococcus - দেখতে গোলাকার এবং ব্যাকটেরিয়াসমূহ জোড়ায় জোড়ায় থাকে।
Staphylococcus - দেখতে অনেকটা আঙ্গুরের থোকার ন্যায়।
Bacillus - দণ্ডাকৃতির ব্যাকটেরিয়া।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

29. ভাইরাসের আবিষ্কারক হিসেবে চিহ্নিত করা হয় কোন বিজ্ঞানীকে?

(a) Edward Jenner (b) Dimitri Ivanovsky
(c) W.M.Stanley (d) Louis Pasteur

Ans: (b) Dimitri Ivanovsky
Solve: জেনে রাখো: W.M Stanley কে ভাইরোলজির জনক বলে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

30. নিচের কোনটি ফ্ল্যাভি ভাইরাস?

(a) HBV (b) HCV (c) HDV (d) HEV

Ans: (b) HCV
Solve: জেনে রাখো: হেপাটাইটিস-C (HCV) কে তুষের আগুন/নিরব ঘাতক বলা হয়।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

31. গ্রাম নেগেটিভ ব্যাকটেরিয়া নয় কোনটি?

(a) *E.coli* (b) *Vibrio*
(c) *Clostridium* (d) *Salmonella*

Ans: (c) *Clostridium*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

32. নাইট্রোজেন সংবন্ধনে অংশগ্রহণ করে না কোনটি?

(a) *Nitrosomonas* (b) *Azotobacter*
(c) *Pseudomonas* (d) *Clostridium*

Ans: (a) *Nitrosomonas*
Solve: জেনে রাখো: নাইট্রিফিকেশনে অংশগ্রহণকারী ব্যাকটেরিয়া হলো -
i. *Nitrosomonas*; ii. *Nitrococcus*.
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

33. প্রাচীনকালে ম্যালেরিয়া চীন দেশে কী নামে পরিচিত ছিল?

(a) অনুপম পর্যাবৃত জ্বর (b) রোমান জ্বর
(c) জলা জ্বর (d) হেমোরেজিক জ্বর

Ans: (a) অনুপম পর্যাবৃত জ্বর
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

34. নিচের কোনটি বহিঃস্থ আবরণহীন ভাইরাস?

(a) Influenza (b) Herpes
(c) HIV (d) T_2

Ans: (d) T_2
Solve: জেনে রাখো: লিপোপ্রোটিন আবরণবিশিষ্ট ভাইরাসকে লিপোভাইরাস বলে। যেমন: ইনফ্লুয়েঞ্জা, হার্পিস, HIV ইত্যাদি।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

35. কলেরা রোগের জীবাণু সর্বপ্রথম আবিষ্কার করেন কে?

(a) লিউয়েন হুক (b) রবার্ট কক
(c) লুই পাস্তুর (d) এরেনবার্গ

Ans: (b) রবার্ট কক
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

36. কোন ব্যাকটেরিয়া মুক্ত অক্সিজেন ছাড়া বাঁচে না?

(a) *Bacillus* (b) *Salmonella*
(c) *Azotobacter* (d) *Clostridium*

Ans: (c) *Azotobacter*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

37. অগ্নি শৈবালের সঞ্চিত খাদ্য কোনটি?

(a) Starch (b) Paramylon
(c) Algin (d) Laminarin

Ans: (b) Paramylon
Solve: জেনে রাখো: সবুজ শৈবালের সঞ্চিত খাদ্য → Starch
বাদামী শৈবালের সঞ্চিত খাদ্য → Laminarin, Mannitol, Algin
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

38. কোন শৈবালে পামেলা দশা দেখা যায়?

(a) *Chlamydomonas* (b) *Zygnema*
(c) *Navicula* (d) *Polysiphonia*

Ans: (a) *Chlamydomonas*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

Academic & Admission pathshala We Rise By Lifting Others

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

39. কোন ছত্রাকের আক্রমণে মানুষের মাথায় চুল পড়ে গিয়ে টাকের সৃষ্টি হয়?

(a) *Rhizopus* (b) *Mucor*
(c) *Microsporium* (d) *Candida*

Ans: (c) *Microsporium*
Solve: জেনে রাখো: *Mucor* ও *Rhizopus* গণের কোনো কোনো প্রজাতি মস্তিষ্ক, ফুসফুস ও খাদ্য নালিতে জাইগোমাইকোসিস নামক রোগ সৃষ্টি করে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

40. নিম্নের কোন লাইকেনটি ভাইরাস প্রতিরোধক?

(a) Usno (b) Cladonia
(c) Evernia (d) Erythrin

Ans: (a) Usno
Solve: জেনে রাখো: লাইকেন জাত Usno এবং Evosin নামক অ্যান্টিসেপটিক ক্রিম টিউমার প্রতিরোধক, ব্যথা নিরাময়ক এবং ভাইরাস প্রতিরোধক।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

41. *Agaricus* ছত্রাকের যৌন স্পোর উৎপাদনকারী অঙ্গের নাম কী?

(a) ব্যাসিডিয়াম (b) ব্যাসিডিয়োস্পোর
(c) মাইসেলিয়াম (d) অ্যানুলাস

Ans: (a) ব্যাসিডিয়াম
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

42. *Ulothrix* শৈবালের যৌন জনন কোন ধরনের?

(a) আইসোগ্যামি (b) উগ্যামি
(c) আনাইসোগ্যামি (d) হেটেরোগ্যামি

Ans: (a) আইসোগ্যামি
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

43. নিচের কোনটি ব্রায়োফাইটার বৈশিষ্ট্য নয়?

(a) দেহ থ্যালয়েড (b) দেহ গ্যামিটোফাইট
(c) জননাঙ্গ বহুকোষী (d) শুক্রাণু ফ্ল্যাজেলাবিহীন

Ans: (d) শুক্রাণু ফ্ল্যাজেলাবিহীন
Solve: জেনে রাখো: ব্রায়োফাইটা: শুক্রাণু দ্বিফ্ল্যাজেলা বিশিষ্ট।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

44. নিচের কোনটি ঘর সাজানোর কাজে ব্যবহার করা হয়?

(a) *Pteris* (b) *Riccia*
(c) *Plasmodium* (d) *Lichen*

Ans: (a) *Pteris*
Solve: জেনে রাখো: *Riccia* পরিবেশ দূষণের সূচক হিসেবে কাজ করে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

45. *Riccia*-এর স্ত্রী জননাঙ্গ আর্কিগোনিয়ামের আকৃতি কেমন?

(a) হৃৎপিণ্ডাকার (b) ফ্লাস্কের মতো
(c) নাশপাতির মতো (d) বেলনাকার

Ans: (b) ফ্লাস্কের মতো
Solve: জেনে রাখো: পুং জননাঙ্গ অ্যান্থেরিডিয়ামের আকৃতি নাশপাতির মতো।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

46. নিচের কোনটি রাইজোম কাণ্ডের উদাহরণ?

(a) হলুদ (b) পেঁয়াজ (c) রসুন (d) আলু

Ans: (a) হলুদ
Solve: জেনে রাখো: বাল্ব কাণ্ড → পেঁয়াজ, রসুন; টিউবার কাণ্ড → আলু।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

47. নিচের কোনটি Poaceae গোত্রের শনাক্তকারী বৈশিষ্ট্য নয়?

(a) গর্ভমুণ্ড পালকের ন্যায় (b) ফল ক্যাপসিউল
(c) পরাগধানী সর্বমুখ (d) অমরাবিন্যাস মূলীয়

Ans: (b) ফল ক্যাপসিউল
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

48. নিচের কোনটি বহুমূত্র রোগের জন্য উপকারী?

(a) *Hibiscus rosa-sinensis*
(b) *Hibiscus mutabilus*
(c) *Gossypium herbaceum*
(d) *Abelmoschus esculentus*

Ans: (d) *Abelmoschus esculentus*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

49. বহুপ্রতিসম পুষ্প কোনটি?

(a) সরিষা (b) মটরশুটি (c) শিম (d) কলাবতি

Ans: (a) সরিষা
Solve: জেনে রাখো: সরিষা, জবা হল বহুপ্রতিসম পুষ্প।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

50. নিচের কোন জাতীয় উদ্ভিদে ফল সৃষ্টি হয়?

(a) ব্রায়োফাইটা (b) টেরিডোফাইটা
(c) জিমনোস্পার্ম (d) অ্যানজিওস্পার্ম

Ans: (d) অ্যানজিওস্পার্ম
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

51. নিচের কোন উদ্ভিদ বিভাগের শুক্রাণু ফ্ল্যাজেলাবিহীন?

(a) Ginkgophyta (b) Oteridophyta
(c) Gnetophyta (d) Cycadophyta

Ans: (c) Gnetophyta
Solve: জেনে রাখো: Ginkgophyta এবং Cycadophyta গ্রুপের উদ্ভিদের শুক্রাণু ফ্ল্যাজেলাযুক্ত।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

52. নিচের কোনটি বহুপ্রান্তীয় অমরাবিন্যাসের উদাহরণ?

(a) শিম (b) লাউ (c) ধান (d) জবা

Ans: (b) লাউ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

53. কোন জাতীয় ফলের অন্তঃত্বক ও মধ্যত্বক সংযুক্ত থাকে?

(a) বেরি (b) ক্যারিঅপসিস
(c) সরোসিস (d) সিলিকুয়া

Ans: (a) বেরি
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।
Academic & Admission
We Rise By Lifting Others

54. আবৃতবীজী উদ্ভিদের সস্য কেমন?
(a) 2n (b) 3n (c) n (d) 4n
Ans: (b) 3n
Solve: জেনে রাখো: আবৃতবীজী উদ্ভিদের সস্য ট্রিপ্লয়েড, নগ্নবীজী উদ্ভিদের সস্য হ্যাপ্লয়েড।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

55. প্রজাপতিসম ফুলে কোন ধরনের পুষ্পপত্রবিন্যাস দেখা যায়?
(a) ইমব্রিকেট (b) কুইনকানসিয়াল
(c) ভেক্সিলারি (d) ভালভেট
Ans: (c) ভেক্সিলারি
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

56. নিচের কোনটি সিলিকুয়া ফলের উদাহরণ?
(a) আনারস (b) ধনে
(c) ধান (d) সরিষা
Ans: (d) সরিষা
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

57. কমপ্ল্যান জাতীয় খাদ্যের প্রধান উপাদান কোনটি?
(a) *Hordeum vulgare* (b) *Zea mays*
(c) *Triticum aestivum* (d) *Oryza sativa*
Ans: (a) *Hordeum vulgare*
Solve: জেনে রাখো: হরলিক্স ও কমপ্ল্যান জাতীয় খাদ্যদ্রব্যের প্রধান উপাদান *Hordeum vulgare*।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

58. নিচের কোনটি মাস ভাজক টিস্যুর উদাহরণ?
(a) পাতা (b) কাণ্ডের মজ্জা রশ্মি
(c) বর্ধিষ্ণু মূল (d) বর্ধনশীল ভ্রূণ
Ans: (d) বর্ধনশীল ভ্রূণ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

59. কোন উদ্ভিদের পাতার ত্বকে বুলিফর্ম কোষ থাকে না?
(a) গম (b) ভুট্টা (c) আখ (d) ধান
Ans: (d) ধান
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

60. শশার কাণ্ডের ভাস্কুলার বান্ডল কোন ধরনের?
(a) সমপার্শ্বীয় (b) সমদ্বিপার্শ্বীয়
(c) অরীয় (d) কেন্দ্রিক
Ans: (b) সমদ্বিপার্শ্বীয়
Solve: জেনে রাখো: লাউ, কুমড়া, শশা ইত্যাদি উদ্ভিদের কাণ্ডে সমদ্বিপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল থাকে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

61. কোন গোত্রের হ্যাপ্লয়েড লাইন প্রতিষ্ঠা করা সম্ভব হয়নি?
(a) Poaceae (b) Malvaceae
(c) Solanaceae (d) Brassicaceae
Ans: (b) Malvaceae
Solve: জেনে রাখো: টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে Poaceae, Solanaceae ও Brassicaceae গোত্রের হ্যাপ্লয়েড লাইন প্রতিষ্ঠা করা সম্ভব হয়েছে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

62. ভাজক টিস্যুর বৈশিষ্ট্য কোনটি?
(a) কোষগুলো মৃত (b) পুরু কোষ প্রাচীর
(c) নিউক্লিয়াস বড় (d) পাতলা সাইটোপ্লাজম
Ans: (c) নিউক্লিয়াস বড়
Solve: জেনে রাখো: ভাজক টিস্যুর কোষগুলো জীবিত, পাতলা কোষপ্রাচীর বিশিষ্ট ও সাইটোপ্লাজম ঘন।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

63. একবীজপত্রী কাণ্ডের অংশ নয় কোনটি?
(a) এপিডার্মিস (b) অধঃত্বক (c) অন্তঃত্বক (d) কর্টেক্স
Ans: (c) অন্তঃত্বক
Solve: জেনে রাখো: একবীজপত্রী কাণ্ডে অন্তঃত্বক ও পরিচক্র থাকে না।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

64. নিচের কোনটি পানি সঞ্চয় করে?
(a) মাইরোসিন (b) শঙ্ক
(c) কোলেটার্স (d) বুলিফর্ম কোষ
Ans: (d) বুলিফর্ম কোষ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

65. হাইডাথোড দিয়ে তরল পানি বের হয়ে যাওয়াকে কী বলে?
(a) ইমবাইবিশন (b) গাটেশন
(c) প্রস্বেদন (d) বাষ্পীভবন
Ans: (b) গাটেশন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

66. নিচের কোনটি বহিঃস্টিলীয় অঞ্চলের অংশ নয়?
(a) অধঃত্বক (b) মজ্জা (c) কর্টেক্স (d) অন্তঃত্বক
Ans: (b) মজ্জা
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

67. নিচের কোনটি জাইলেম টিস্যুর অংশ?
(a) সীভনল (b) ভেসেল
(c) সঙ্গীকোষ (d) ফ্লোয়েম ফাইবার
Ans: (b) ভেসেল
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

68. কোথায় ক্যাসপেরিয়ান স্ট্রিপ থাকে?
(a) বহিঃত্বকে (b) অধঃত্বকে (c) অন্তঃত্বকে (d) পরিচক্রে
Ans: (c) অন্তঃত্বকে
Solve: জেনে রাখো: মূলের অন্তঃত্বকীয় কোষের প্রস্থ ও পার্শ্বপ্রাচীর সুবেরিন ও লিগনিন যুক্ত হয়ে সরু ফিতার মতো যে বেষ্টনি সৃষ্টি করে তাকে ক্যাসপেরিয়ান স্ট্রিপ বলে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

69. নিচের কোনটি অত্যন্ত চলনশীল ক্ষুদ্র মেমব্রেন প্রোটিন?
(a) প্লাস্টোসায়ানিন (b) প্লাস্টোকুইনন
(c) ফেরিডক্সিন (d) ফিয়োফাইটিন
Ans: (a) প্লাস্টোসায়ানিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

70. ক্যালভিন চক্রে CO_2 এর গ্রাহক কোনটি?
(a) রাইবুলোজ ১, ৫-বিসফসফেট
(b) রাইবুলোজ ৫-ফসফেট
(c) জাইলুলোজ ৫-ফসফেট
(d) ৩-ফসফোগ্লিসারিক এসিড

Ans: (a) রাইবুলোজ ১, ৫-বিসফসফেট
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

71. 'ল অব মিনিমাম' কে প্রস্তাব করেন?
(a) লিবিগ (b) বার্গেস (c) ব্ল্যাকম্যান (d) স্ল্যাক

Ans: (a) লিবিগ
Solve: জেনে রাখো: 'ল অব লিমিটিং ফ্যাক্টর সূত্র' বা 'সীমাবদ্ধতা ফ্যাক্টর সূত্র' প্রস্তাব করেন ব্ল্যাকম্যান।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

72. খনিজ লবণ পরিশোষণের প্রভাবক নয় কোনটি?
(a) অক্সিজেন (b) তাপমাত্রা
(c) আয়নের ঘনত্ব (d) ব্যাপন চাপ

Ans: (d) ব্যাপন চাপ
Solve: জেনে রাখো: খনিজ লবণ শোষণের প্রভাবক: আয়নের ঘনত্ব, তাপমাত্রা, আলো, প্রস্বেদন, O_2, শ্বসনিক বস্তু, আয়নের পারস্পরিক ক্রিয়া, বৃদ্ধি অঞ্চল।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

73. নিচের কোনটিতে C_4 গতিপথ পরিলক্ষিত হয়?
(a) গিনি ঘাস (b) ধান (c) গম (d) কাঁঠাল

Ans: (a) গিনি ঘাস
Solve: জেনে রাখো: গিনি ঘাস, ইক্ষু, ভূট্টা, মুথা ঘাস ইত্যাদি উদ্ভিদে C_4 গতিপথ পরিলক্ষিত হয়।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

74. নিচের কোনটি অবাত শ্বসনের ধাপ?
(a) গ্লাইকোলাইসিস (b) ETS
(c) ক্রেবস চক্র (d) সাইট্রিক এসিড চক্র

Ans: (a) গ্লাইকোলাইসিস
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

75. অবাত শ্বসনে ১ অণু গ্লুকোজ হতে কতটি $NADH + H^+$ তৈরি হয়?
(a) ৪ টি (b) ৩৮ টি (c) ১৮ টি (d) ২ টি

Ans: (d) ২ টি
Solve: জেনে রাখো: অবাত শ্বসন প্রক্রিয়ায় এক অণু গ্লুকোজ থেকে ২ অণু পাইরুভিক এসিড, ২ অণু $NADH + H^+$ ও ২ অণু ATP উৎপন্ন হয়।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

76. পাইরুভিক এসিড কত কার্বন বিশিষ্ট?
(a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ

Ans: (b) তিন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

77. সালোকসংশ্লেষণের কোশেন্ট এর মান কত?
(a) 1.33 (b) 1.5 (c) 1.0 (d) 0.33

Ans: (c) 1.0
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

78. থাইলাকয়েডের পর্দায় ক্ষুদ্র দানার মতো অংশকে কী বলে?
(a) কোয়ান্টোসোম (b) লেন্টিসেল
(c) অক্সিসোম (d) মেসোসোম

Ans: (a) কোয়ান্টোসোম
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

79. সবাত শ্বসন প্রক্রিয়ায় সর্বমোট কতটি ATP তৈরি হয়?
(a) ১০ টি (b) ৩৬ টি
(c) ২৪ টি (d) ২ টি

Ans: (b) ৩৬ টি
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

80. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় কোনটি অনুঘটক হিসেবে কাজ করে?
(a) পটাসিয়াম (b) সোডিয়াম
(c) ক্যালসিয়াম (d) ফসফরাস

Ans: (a) পটাসিয়াম
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

81. পাতায় আপতিত রশ্মির কত ভাগ ক্লোরোপ্লাস্ট কর্তৃক শোষিত হয়?
(a) ৮৩% (b) ৫% (c) ১২% (d) ১০%

Ans: (a) ৮৩%
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

82. ক্যালভিন চক্রের জন্য CO_2 এর ঘনত্ব কত থাকা প্রয়োজন?
(a) 50 ppm (b) 10 ppm (c) 0.10 ppm (d) 0.50 ppm

Ans: (a) 50 ppm
Solve: জেনে রাখো: হ্যাচ ও স্ল্যাক চক্রের জন্য CO_2 এর ঘনত্ব 0.10 ppm থাকলেও চলে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

83. নিচের কোনটি নিষেকের পরে নষ্ট হয়ে যায়?
(a) ডিম্বকমূল (b) ডিম্বাণু (c) ডিম্বকনাড়ী (d) হাইলাম

Ans: (a) ডিম্বকমূল
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

84. নিচের কোনটি মূল দিয়ে বংশ বিস্তার করে না?
(a) চন্দ্রমল্লিকা (b) মিষ্টি আলু (c) শতমূলী (d) ডালিয়া

Ans: (a) চন্দ্রমল্লিকা
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

85. নিচের কোনটির ক্ষেত্রে Apogamy প্রক্রিয়ায় ভ্রূণ সৃষ্টি হয়?
(a) *Hieracium* (b) *Solanum nigrum*
(c) *Allium* (d) *Nicoiana tabacum*

Ans: (c) *Allium*
Solve: জেনে রাখো: ডিম্বাণু ছাড়া ভ্রূণথলির অন্য যেকোনো কোষ (যেমন- সহকারি কোষ, প্রতিপাদ কোষ ইত্যাদি) থেকে ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে অ্যাপোগ্যামি বলে।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।

86. টিস্যু কালচারের জনক কে?
(a) Morgan (b) Karl Ereky
(c) Gottlieb Haberlandt (d) Karry Mullis

Ans: (c) Gottlieb Haberlandt
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

87. PCR-এ দ্বিসূত্রক DNA কে কত তাপমাত্রায় একক সূত্রক করা হয়?
(a) 45°C (b) 60°C
(c) 30°C (d) 90°C

Ans: (d) 90°C
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

88. জোনাকি পোকার দেহে কোনটি বিদ্যমান?
(a) নিফ জিন (b) লুসিফারেজ
(c) গ্লাইফসেট (d) C-প্রোটিন

Ans: (b) লুসিফারেজ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

89. ক্যান্সার কোষের বৃদ্ধি রহিত করতে নিচের কোনটি ব্যবহৃত হয়?
(a) ইনসুলিন (b) ইন্টারফেরন
(c) সোমাটোস্ট্যানিন (d) ইরিথ্রোপোয়েটিন

Ans: (b) ইন্টারফেরন
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

90. কোনটি Restriction enzyme?
(a) CNDA (b) PCR
(c) Eco RI (d) CTAG

Ans: (c) Eco RI
Solve: জেনে রাখো: Restriction enzyme: Eco RI, Hind III, Bam HI ইত্যাদি।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

91. টিস্যু কালচার প্রযুক্তির অন্য নাম নয় কোনটি?
(a) মাইক্রোপ্রোপাগেশন (b) ক্লোনিং প্রযুক্তি
(c) In-vitro কালচার (d) In-vivo কালচার

Ans: (d) In-vivo কালচার
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

92. নিচের কোনটি প্লাসমিড সম্পর্কে সঠিক তথ্য নয়?
(a) দ্বি-সূত্রক DNA অণু (b) রেসট্রিকশন এনজাইম থাকে
(c) অধিক জিন ধারণ করে (d) নির্দিষ্ট স্থান কাটা যায়

Ans: (c) অধিক জিন ধারণ করে
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

93. DNA অণু কর্তনের 'বায়োলজিক্যাল নাইফ' কোনটি?
(a) DNA polymerase (b) DNA ligase
(c) Restriction enzyme (d) RNA polymerase

Ans: (c) Restriction enzyme
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

94. 'সুপার রাইস' কোনটির অভাব পূরণ করে?
(a) Vit-A (b) Vit-B
(c) Vit-C (d) Vit-D

Ans: (a) Vit-A
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

95. অগ্ন্যাশয়ের 'আইলেটস অফ ল্যাঙ্গারহ্যান্স' এর কোন কোষ হতে ইনসুলিন ক্ষরিত হয়?
(a) আলফা কোষ (b) বিটা কোষ
(c) ডেলটা কোষ (d) পিপি কোষ

Ans: (b) বিটা কোষ
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

96. 'মলিকুলার ফার্মিং' এর উপাদান নয় কোনটি?
(a) দুধ (b) চামড়া
(c) রক্ত (d) মলমূত্র

Ans: (b) চামড়া
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

97. সমুদ্রে নির্গত তেল পরিশোধনে ব্যবহৃত হয় কোনটি?
(a) *Saccharomyces* (b) *Torula utilis*
(c) *Mycobacteria* (d) *Zooglea ramigera*

Ans: (c) *Mycobacteria*
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

98. কোনটি Ex-situ conservation নয়?
(a) পরাগরেণু সংরক্ষণ (b) ডিএনএ সংরক্ষণ
(c) ইন-ভিট্রো সংরক্ষণ (d) গেম রিজার্ভ

Ans: (d) গেম রিজার্ভ
Solve: জেনে রাখো: গেম রিজার্ভ ইন-সিটু সংরক্ষণের অন্তর্ভুক্ত।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

99. নিচের কোনটি সমুদ্রের গভীরতম স্থানকে বোঝায়?
(a) Abyssal Zone (b) Benthic Zone
(c) Pelagic Zone (d) Intertidal Zone

Ans: (a) Abyssal Zone
Solve: [আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

100. নিচের কোনটি উভচর জাতীয় উদ্ভিদ?
(a) ক্ষুদে বড়লা (b) কোরুদ
(c) কেশরদাম (d) মল্লিকা ঝাঁঝি

Ans: (c) কেশরদাম
Solve: জেনে রাখো: উভচর উদ্ভিদ: কলমিলতা, হেলেঞ্চা, কেশরদাম।
[আবুল হাসান স্যার: সংস্করণ-২০২২]

পাঠশালার মেডিকেল ফাইনাল মডেল টেস্ট কোর্সে উন্মেষ ও রেটিনার মডেল টেস্ট প্রশ্নের উপর পরীক্ষা দিতে পারবে।